

# শিক্ষা প্রতিষ্ঠান খুলে দিতে বললেন জিএম কাদের

ছাত্র ও শিক্ষকদের অগ্রাধিকার ভিত্তিতে করোনা ভাইরাসের টিকাদান সম্পন্ন করে শিক্ষা প্রতিষ্ঠানগুলো খুলে দিতে হবে বলে মন্তব্য করেছেন জাতীয় পার্টি চেয়ারম্যান ও বিরোধীদলীয় উপনেতা গোলাম মোহাম্মদ কাদের। তিনি বলেছেন, 'দীর্ঘসময় শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকলে আগামী প্রজন্ম হবে জ্ঞানহীন মূর্খ। এতে করে আমাদের সমাজের মৌলভিত্তি নড়বড়ে হয়ে যেতে পারে।' ■ **এরপর পৃষ্ঠা ২, কলাম ৪**

f শেয়ার

# শিক্ষা প্রতিষ্ঠান খুলে

**(প্রথম পৃষ্ঠার পর)** জাতীয় পার্টি চেয়ারম্যান গোলাম মোহাম্মদ গতকাল শুক্রবার এক বিবৃতিতে এসব কথা বলেন। তিনি বলেন, 'মহামারী করোনার কারণে এক বছরের অধিককাল ধরে শিক্ষার্থীরা শিক্ষা প্রতিষ্ঠানের বাইরে। ইতোমধ্যে কয়েকবার শিক্ষা প্রতিষ্ঠান খোলার ঘোষণা দিয়েও, তা বাস্তবায়ন সম্ভব হয়নি। এতে অপূরণীয় ক্ষতি হয়েছে শিক্ষার্থীদের। দেশের বৃহৎ স্বার্থে শিক্ষাব্যবস্থা স্বাভাবিক করতে হবে।'

জাতীয় পার্টি চেয়ারম্যান বিবৃতিতে আরও বলেন, 'সরকারি তরফ থেকে বলা হচ্ছে– সবাইকে টিকা দেওয়ার পরে শিক্ষা প্রতিষ্ঠান খুলে দেওয়া হবে। বর্তমান টিকা সংগ্রহের অনিশ্চয়তার কারণে, স্বাভাবিকভাবে টিকাদান শেষ হতে হয়তো আরও কয়েক বছর সময় লেগে যেতে পারে। দীর্ঘসময় শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রেখে একটি প্রজন্মকে মূর্খ হতে দেওয়া যায় না। তাই অগ্রাধিকার ভিত্তিতে শিক্ষাসংশ্লিষ্টদের টিকা দিয়ে শিক্ষা প্রতিষ্ঠান খুলে দিতে হবে।'